# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।

ওয়েব sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব অতীশ দর্শী চাকমা
প্রশাসক, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

তারিখ : ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি.।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সময় : সকাল ১১:৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে, দ্রুত টেন্ডার আহবান করে ঠিকাদার নির্বাচন পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে। তাছাড়া পিআইসি এর মাধ্যমে বাস্তবায়িক প্রকল্প সমূহের কাজ শুরু করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়া উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিজ্ঞাপন বাবদ অনেকগুলো বিল বকেয়া রয়েছে সেই বিলগুলো পরিশোধ করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। বিল গুলো হলো: (১) দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০২২-২৩ "নিউএইজ" পত্রিকায় প্রকাশের তারিখ: ১৮.০৭.২০২২ বিজ্ঞাপন বিল বাবদ ১১,৭৮১.১২ (এগারো হাজার সাতশত একাশি টাকা বারো পয়সা), (২) দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০২৩-২৪ "যায়যায় দিন" পত্রিকায় প্রকাশের তারিখ: ১৮.০৭.২০২২ বিজ্ঞাপন বিল বাবদ ৩১,১৮৯.৭৬ (একত্রিশ হাজার একশত উননব্বই টাকা ছিয়াত্তর পয়সা), (৩) নিলাম বিজ্ঞপ্তি "দৈনিক সুনামকণ্ঠ" পত্রিকায় প্রকাশের তারিখ: ২৩.০৮.২০২২ বিজ্ঞাপন বিল বাবদ ৪৭৪৩.৬০ (চার হাজার সাতশত তেতাল্লিশ টাকা ষাট পয়সা), (৪) পুন: নিলাম বিজ্ঞপ্তি "দৈনিক সুনামকণ্ঠ" পত্রিকায় প্রকাশের তারিখ: ০২.০৯.২০২২ বিজ্ঞাপন বিল বাবদ ৬৫২১.৮৬ (ছয় হাজার পাঁচশত একুশ টাকা ছিয়াশি পয়সা), (৫)দরপত্র বিজ্ঞপ্তি নং ০৬/২০২২-২৩ "দৈনিক সকাল বেলা" পত্রিকায় প্রকাশের তারিখ: | আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য এবং পিআইসি এর মাধ্যমে বাস্তবায়িক প্রকল্প সমূহের কাজ শুরু করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। তাছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিজ্ঞাপন বাবদ বকেয়া বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ<br>২।উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর<br>৩।চেয়ারম্যান(সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | ০৪.১০.২০২২ বিজ্ঞাপন বিল বাবদ ২০,১৬৩.৮৪ (বিশ হাজার একশত তেষট্টি টাকা চুরাশি পয়সা), (৬) দরপত্র বিজ্ঞপ্তি নং ১০/২০২২-২৩ "দৈনিক সুনামকণ্ঠ" পত্রিকায় প্রকাশের তারিখ: ১২.০১.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ১২,৬৪৯.৬০ (বারো হাজার ছয়শত উনপঞ্চাশ টাকা ষাট পয়সা), (৭) দরপত্র বিজ্ঞপ্তি নং ১০/২০২২-২৩ "দৈনিক হাওর অঞ্চলের কথা" পত্রিকায় প্রকাশের তারিখ: ১৩.০১.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ১৮,৮৮০.০০ (আটারো হাজার আটশত আশি টাকা), (৮) দরপত্র বিজ্ঞপ্তি নং ১১/২০২২-২৩ "দৈনিক আজকের দর্পণ" পত্রিকায় প্রকাশের তারিখ: ০১.০৩.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ১৯,১১৬.০০ (উনিশ হাজার একশত ষোল টাকা), (৯) দরপত্র বিজ্ঞপ্তি নং ১১/২০২২-২৩ "দৈনিক সকাল বেলা" পত্রিকায় প্রকাশের তারিখ: ০১.০৩.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ২০,১৬৩.৮৪ (বিশ হাজার একশত তেষট্টি টাকা চুরাশি পয়সা), (১০) দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০২৩-২৪ "দৈনিক সকাল বেলা" পত্রিকায় প্রকাশের তারিখ: ১৮.০৭.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ৩০,২৪৫.৭৬ (ত্রিশ হাজার দুইশত পঁয়তাল্লিশ টাকা ছিয়াত্তর পয়সা), (১১) দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০২৩-২৪ "দৈনিক ভোরের পাতা" পত্রিকায় প্রকাশের তারিখ: ১৮.০৭.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ৩৮,২৩২.০০ (আটত্রিশ হাজার দুইশত বত্রিশ টাকা), (১২) দরপত্র বিজ্ঞপ্তি নং ০২/২০২৩-২৪ "দৈনিক সকাল বেলা" পত্রিকায় প্রকাশের তারিখ: ২৪.০৭.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ২৯,৪০৫.৬০ (উনত্রিশ হাজার চারশত পাঁচ টাকা ষাট পয়সা), (১৩) দরপত্র বিজ্ঞপ্তি নং ০২/২০২৩-২৪ "দৈনিক ভোরের পাতা" পত্রিকায় প্রকাশের তারিখ: ২৪.০৭.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ৩৭,১৭০.০০ (সাঁয়ত্রিশ হাজার একশত সত্তর টাকা), (১৪) দরপত্র বিজ্ঞপ্তি নং ০৫/২০২৩-২৪ "দৈনিক সুনামগঞ্জের খবর" পত্রিকায় প্রকাশের তারিখ: ০১.১১.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ১৩,২৩৯.৬০ (তেরো হাজার দুইশত উনচল্লিশ টাকা ষাট পয়সা), (১৫) দরপত্র বিজ্ঞপ্তি নং ০৫/২০২৩-২৪ "দৈনিক সুনামকণ্ঠ" পত্রিকায় প্রকাশের তারিখ: ০১.১১.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ১৬,৬০২.৬০ (ষোল হাজার ছয়শত দুই টাকা ষাট পয়সা), (১৬) দরপত্র বিজ্ঞপ্তি নং ০৫/২০২৩-২৪ "দৈনিক মুক্ত খবর" পত্রিকায় প্রকাশের তারিখ: ০২.১১.২০২৩ বিজ্ঞাপন বিল বাবদ ৪২,৪৮০.০০ (বিয়াল্লিশ হাজার চারশত আশি টাকা), (১৭) দরপত্র বিজ্ঞপ্তি নং ০৩/২০২৪-২৫ "দৈনিক বাংলাদেশ টুডে" পত্রিকায় প্রকাশের তারিখ: ০৭.১১.২০২৪ বিজ্ঞাপন বিল বাবদ ১৭,৭৭৫.৫২ (সতেরো হাজার সাতশত পঁচাত্তর টাকা বায়ান্ন পয়সা), (১৮) দরপত্র বিজ্ঞপ্তি নং ০৩/২০২৪-২৫ | | |

| | | | |
|---|---|---|---|
| | "দৈনিক মুক্ত খবর" পত্রিকায় প্রকাশের তারিখ: ০৭.১১.২০২৪ বিজ্ঞাপন বিল বাবদ ২৯,৭৩৬.০০ (উনত্রিশ হাজার সাতশত ছয়ত্রিশ) টাকা। | | |
| ২. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলায় কৃষি প্রনোদনা ও পুনর্বাসন কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে হাওড়ে বোরো আবাদ কার্যক্রম চলমান রয়েছে এবং নন-হাওড়ের জন্য বীজ বপন কার্যক্রম চলমান রয়েছে। রবি মৌসুমে বোরোসহ ও অন্যান্য ফসল আবাদ কার্যক্রম তদারকির জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠে রয়েছেন। তাছাড়া বিভিন্ন ইউনিয়নে পানি উন্নয়ন বোর্ডের বাঁধ নির্মাণে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কাজ তদারকি করছেন। এছাড়া সদর উপজেলায় বিদ্যমান কৃষি জমি যাতে অকৃষি জমিতে পরিনত না হয় বিশেষ করে দুই ফসলি জমি অকৃষিতে পরিনত না হয় সেক্ষেত্রে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান কৃষি জমি যাতে কেউ নষ্ট করতে না পারে সেজন্য সকলকে সজাগ থাকতে হবে। তাছাড়া কৃষি জমি যদি আমরা ভালো ভাবে ব্যবহার করতে পারি তাহলে উৎপাদন বৃদ্ধি পাবে। তিনি সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে কেউ যাতে কৃষি জমি অকৃষি জমিতে পরিনত না করতে পারে বিশেষ করে দুই ফসলি জমি অকৃষিতে পরিনত না হয় সেদিকে সকলের সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট সকল। |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান HPV Vaccination Campaign টিকাদান কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে এবং লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। তিনি আরও জানান কমিউনিটি ক্লিনিকগুলোতে CHCP দের মাধ্যমে সপ্তাহে ০৬ দিন সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া ডেঙ্গু ও ম্যালেরিয়া প্রতিরোধে সবার বসত বাড়ির আঙ্গিনা ও বসতস্থল পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ জানান। তাছাড়া EPI কার্যক্রম, TB Control প্রোগ্রাম, Leprosy Control প্রোগ্রাম, Malaria Control প্রোগ্রাম এবং স্বাস্থ্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>চেয়ারম্যান, লক্ষণশ্রী ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর হাসপাতালের ভিতরে যত্র তত্র ময়লা আবর্জনা রয়েছে। তিনি সুনামগঞ্জ সদর হাসপাতালকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য উপজেলা স্বাস্থ্য প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। তাছাড়া সদর হাসপাতালে কর্তব্যরত ডাক্তারদের ডিউটি চার্ট টানানোর জন্য তিনি উপজেলা স্বাস্থ্য প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। | আলোচনান্তে সুনামগঞ্জ সদর হাসপাতালকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং কর্তব্যরত ডাক্তারদের ডিউটি চার্ট টানানোর জন্য উপজেলা স্বাস্থ্য প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ | এ ধারা অব্যাহত রাখার জন্য | উপজেলা পরিবার |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | সদর সভায় জানান আশ্রয়ন প্রকল্প ও গুচ্ছগ্রামসমূহে পরিবার কল্যাণ সহকারীগণ নিয়মিত সেবা প্রদান করছেন। নির্দিষ্ট সময়সীমা অনুযায়ী স্যাটেলাইট ক্লিনিক এর কার্যক্রম চলমান রয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে পরিবার কল্যাণ পরিদর্শিকাদের মাধ্যমে গর্ভবতী মা ও শিশুদের স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। নরমাল ডেলিভারী আশাব্যঞ্জক হারে বৃদ্ধি করার লক্ষ্যে সচেতনতা বৃদ্ধির জোর প্রচেষ্টা চলছে। জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণের জন্য নিয়মিত উঠান বৈঠকসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এছাড়া পরিবার পরিকল্পনা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৫. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান হাওরে মাছের উৎপাদন দিন দিন কমে যাচ্ছে। ইজারাদাররা যখন বিল ইজারা নেন তখন নীতিমালায় উল্লেখ আছে বিলের গভীর জায়গায় একটি মাছের অভয়াশ্রম নির্মাণ করতে হবে। কিন্তু বাস্তবে কোন বিলে অভয়াশ্রম নির্মাণ না করায় দিন দিন মাছের উৎপাদন কমে যাচ্ছে। তাছাড়া প্রত্যেক বিলে কি পরিমাণ মাছ উৎপাদন হচ্ছে তার কোন তথ্য ইজারাদাররা প্রদান করেন না। এটি জানা অত্যন্ত জরুরী প্রয়োজন।<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান আমরা যদি মা মাছকে সঠিকভাবে রক্ষা করতে পারি তাহলে হাওরে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে। তিনি প্রত্যেক বিলে অভয়াশ্রম তৈরী করা, বিল খনন করা এবং বিল শুকিয়ে মাছ নিধন বন্ধ করার পরামর্শ প্রদান করেন। তিনি আগামী মাসে হাওড়ে মৎস্য অভিযান/মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। তিনি আরও জানান হাওড় ও জলমহালে মোবাইল কোর্ট পরিচালনা করা অনেক ব্যয় বহুল, কষ্ট সাধ্য ও অনেক লোক এবং বিভিন্ন সরঞ্জামাদির প্রয়োজন হয়। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান মাছের উৎপাদন যাতে বৃদ্ধি করা যায় সেই জন্য সকলকে একসাথে কাজ করতে হবে। তাছাড়া তিনি মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে একটি পরিকল্পনা তৈরী করে নথিতে যথাযথভাবে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ জানান যাতে কর্মকর্তা বদলী হয়ে গেলেও পরবর্তী কর্মকর্তা এসে সেই বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে পারেন।<br>চেয়ারম্যান, লক্ষণশ্রী ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান বিল ইজারা প্রদানের ক্ষেত্রে সমিতির মাধ্যমে ইজারা না দিয়ে টেন্ডারের মাধ্যমে বিল ইজারা প্রদান করলে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ব কমবে এবং | আলোচনান্তে কেউ যাতে হাওর ও বিল শুকিয়ে মাছ ধরতে না পারে সেদিকে সকলের সজাগ দৃষ্টি রাখার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণ ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। তাছাড়া সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে একটি পরিকল্পনা তৈরী করার জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | সরকারের রাজস্ব বৃদ্ধি পাবে। তাছাড়া বিল খনন করলে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে।<br>চেয়ারম্যান, রঙ্গারচর, ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান বিল ইজারা হয় স্কীম এবং টেন্ডারের মাধ্যমে। তিনি জানান প্রতি ৩ বছর পরপর বিল ফিশিং করার কথা থাকলেও বাস্তবে প্রতি বছর বিল ফিসিং হচ্ছে। যার ফলে হাওড়ে দিন দিন মাছের উৎপাদন হ্রাস পাচ্ছে।<br>চেয়ারম্যান, কুরবাননগর, ইউ/পি সুনামগঞ্জ সদর সভায় বিল টেন্ডারের মাধ্যমে ইজারা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান বিল টেন্ডারের মাধ্যমে ইজারা প্রদান করা হলে সরকারের রাজস্ব বৃদ্ধি পাবে।<br>চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর, ইউ/পি সুনামগঞ্জ সদর সভায় জানান তার ইউনিয়নে পুকুরে অনেক লোক মাছ চাষ করে থাকেন। বিগত বন্যায় পুকুরে মৎস্য চাষীরা ব্যাপকভাবে ক্ষতির সম্মুখীন হয়েছেন। তাদের প্রায় সকল মাছে বন্যার পানিতে চলে গেছে। পরবর্তীতে তাদের তালিকা উপজেলা মৎস্য অফিসে জমা প্রদান করা হলেও কোন প্রণোদনা তারা পাননি। এতে করে মৎস্য চাষীরা মাছ চাষে আগ্রহ হারিয়ে ফেলছেন। তিনি তাদেরকে প্রণোদনা প্রদানের জন্য অনুরোধ জানান। | | |
| ৬. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প এর আওতায় ০৭(সাত) জন সুফলভোগীর মাঝে ০৭টি বকনা গরু বিতরনের উদ্দেশ্যে সুফলভোগীর নাম নির্বাচনের জন্য জাহাঙ্গীরনগর ও রঙ্গারচর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের প্রাণি চিকিৎসা, টিকাদান কর্মসূচী, কৃত্রিম প্রজনন, খামারী প্রশিক্ষণসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে চেয়ারম্যান জাহাঙ্গীরনগর ও রঙ্গারচর ইউনিয়ন পরিষদকে ০৭(সাত) জন সুফলভোগী নির্বাচন করতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদরকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | ১।উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>২।চেয়ারম্যান জাহাঙ্গীরনগর<br>৩।রঙ্গারচর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সরকারী প্রাথমিক বিদ্যালয় সমুহে তৃতীয় প্রান্তিক (বার্ষিক) পরীক্ষার ফলাফল প্রকাশ করা হচ্ছে। নতুন বছরের শুরুতে বিদ্যালয় গমনোপযোগী সকল শিশুর বিদ্যালয় ভর্তি নিশ্চিত করার পরমর্শ দেয়া হয়েছে। ২০২৫ সনে বিনা মূলে বিতরনের জন্য বই এখনও পাওয়া যায়নি। প্রাপ্তি সাপেক্ষে বিদ্যালসমুহে শিক্ষার্থীদের মধ্যে বিতরনের জন্য সরবরাহ করা হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের জমির ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষন করা হয় যাতে কিছু কিছু বিদ্যালয়ে জমির সমস্যা সমাধান করা যায়। জানুয়ারী/২০২৫ থেকে অনলাইনে শিক্ষকদের বদলী কার্যক্রম শুরু হবে। এছাড়া প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে | আলোচনান্তে বিনামূলে বিতরনের জন্য সরকারি প্রাথমিক বিদ্যালয় সমুহের পাঠ্যপুস্তক পাওয়া মাত্রই দ্রুত পৌছে দেয়ার পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। তাছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের জমির সমস্যা সমাধানে সহকারী কমিশনার(ভূমি), সুনামগঞ্জ সদর এর সাথে আলোচনা করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | চলমান রয়েছে। | | |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৫ সনের নতুন বই এখনও পাওয়া যায়নি। NCTB তে যোগাযোগ করা হলে জানা যায় বই অতি দ্রুত পাওয়া যাবে। এছাড়া মাধ্যমিক শিক্ষা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ২০২৫ সনের নতুন বই পাওয়া মাত্রই বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৯. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরে বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনর্নির্মাণে জরুরী সহায়তা প্রকল্পের আওতায় ৫০০টি সাবমার্সিবলযুক্ত গভীর নলকূপ এবং ৫০টি হস্ত চালিত গভীর নলকূপের স্থান নির্বাচনের লক্ষ্যে UNDP কর্তৃক জরিপ কাজ চলমান রয়েছে। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে নলকূপ স্থাপনের স্থান নির্বাচনের লক্ষ্যে UNDP কর্তৃক জরিপ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান টিআর ও কাবিটার বরাদ্দ এখনও পাওয়া যায়নি। ২০২৪-২০২৫ অর্থ বছরে দূর্যোগ ব্যাবস্থাপনা ত্রান শাখা হতে ৪০০ পিচ কম্বলের বরাদ্দ বিভাজন করে ইউ/পি চেয়ারম্যানগণের নিকট হস্তান্তর করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে দূর্যোগ ব্যাবস্থাপনা ত্রান শাখা হতে ৩ লক্ষ টাকার কম্বল ক্রয় করে ১০৫০ পিচ কম্বল পাওয়া যায়। কম্বলসমূহ বিভাজন করে ইউ/পি চেয়ারম্যানগণের নিকট হস্তান্তর করা হয়েছে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন বিভাগের অনান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে কম্বল বিতরণের মাস্টাররোল দ্রুত জমা প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১১. | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৫ সালের মার্চ মাস থেকে বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম শুরু হবে। ২০০৫-২০০৬ সালে যাদের জন্ম তাদের খসড়া ভোটার তালিকা জানুয়ারি ২০২৫ প্রনয়ন করা হবে। প্রত্যেক ইউনিয়ন পরিষদে ভোটার তালিকা প্রকাশ করা হবে। যদি কারো ভোটার তালিকায় কোন ভুল তথ্য থাকে তা হলে তা সংশোধন করার সুযোগ রয়েছে। এছাড়া এ বিভাগের অনান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ২০২৫ সালের মার্চ মাস থেকে বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম শুরুর বিষয়টি এবং ভোটার তালিকায় কোন ভোটারের ভুল তথ্য থাকলে তা সংশোধন করার বিষয়টি প্রচার করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণ ও উপজেলা নির্বাচন কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ঋণ বিতরন ও আদায় এবং প্রশিক্ষণ যথাযথভাবে চলমান রয়েছে। এছাড়া যুব উন্নয়ন অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৩. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান মল্লিকপুর এলএসডিতে বর্তমানে ৬৮৯৯.৬২২ মে.টন সিদ্ধ চাল, ২২২.০৮১ মে.টন আতপ চাল, ১৫.০৮০ মে. টন ধান এবং ৪৩২.২৮৯ মে.টন গম | আলোচনান্তে যে সকল কৃষকগণ সরকারিভাবে ধান বিক্রয় করতে আগ্রহী তাদেরকে আগামী ২৮/০২/২০২৫ তারিখের মধ্যে | ১। উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর<br>২। উপজেলা খাদ্য |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | মজুদ রয়েছে। মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বর্তমানে চলতি আমন সংগ্রহ/২০২৪-২৫ মৌসুমে অত্র উপজেলায় ৬৪০ মে.টন ধানের লক্ষমাত্রার বিপরীতে ১৫,০৮০ মে.টন, ১১৯৫ মে.টন সিদ্ধ চালের লক্ষমাত্রার বিপরীতে ৯৪৬.১০০ মে.টন ও ৯৩৮ মে.টন আতপ চালের লক্ষমাত্রার বিপরীতে ৭৩.৭৯০ মে.টন সংগ্রহ হয়েছে। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩৩/- টাকা, প্রতি কেজি সিদ্ধ চালের সংগ্রহ মূল্য ৪৭/- টাকা এবং প্রতি কেজি আতপ চালের সংগ্রহ মূল্য ৪৬/- টাকা নির্ধারন করা হয়েছে। আগামী ২৮/০১/২০২৫ তারিখ পর্যন্ত ধান ও চাল সংগ্রহের সময়সীমা নির্ধারন করা হয়েছে। অত্র উপজেলায় কৃষকের অ্যাপসের মাধ্যমে সরাসরি কৃষকের নিকট হতে ধান সংগ্রহ কার্যক্রম চলমান আছে। কৃষকগণ অনলাইনে ধান সরবরাহের জন্য আবেদন করতে পারবেন। আবেদন করতে কৃষকের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর দিয়ে কৃষকের অ্যাপস এ আবেদন করতে পারবেন। অনলাইনে আবেদনকৃত অনুমোদিত কৃষকদের নিকট হতে সরাসরি ধান ক্রয় করা হবে এবং বৈধ লাইসেন্সধারী চুক্তিবদ্ধ চালকল মালিকগণের নিকট হতে সিদ্ধ ও আতপ চাল সংগ্রহ চলমান রয়েছে। কৃষকগণ যাহাতে সরকারি গুদামে নির্ধারিত সরকারি মূল্যে ধান বিক্রয়ে আগ্রহী হন এ বিষয়ে কৃষকগণকে অবহিত করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। অত্র উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচীর ১৪,৫২২ জন উপকারভোগীর মধ্যে ১৪,৪৪৯ জন অনুমোদিত ভোক্তা হতে মৃত, প্রবাসী উপকারভোগীদের মৃত্যু সনদ ও প্রত্যয়ন পত্রের মাধ্যমে বাতিল করে নতুন ভোক্তার তালিকা প্রণয়নের কাজ চলমান আছে। এছাড়া খাদ্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | অনলাইনে আবেদন সম্পন্ন করে উপজেলা খাদ্য গুদামে ধান সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া উপজেলা খাদ্য বান্ধব কর্মসূচীর তালিকা দ্রুত হালনাগাদ করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর<br>৩। চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১৪. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলার ০৯টি ইউনিয়নে নতুন বরাদ্দকৃত বয়স্ক ও বিধবা ভাতার অতিরিক্ত বরাদ্দ বিভাজনপত্র তালিকাসহ প্রেরণ করা হয়েছে। শুধুমাত্র জাহাঙ্গীরনগর ও গৌরারং ইউনিয়ন থেকে তালিকাসহ রেজুলেশন পাওয়া গেছে। অন্য ০৭টি ইউনিয়ন থেকে এখনও পাওয়া যায়নি। তিনি আগামী সপ্তাহের মধ্যে তালিকাসহ রেজুলেশন জমা প্রদানের জন্য ০৭টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া সমাজসেবার নিবন্ধনকৃত বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে এককালীন আর্থিক অনুদানের আবেদনপত্র (নির্দিষ্ট ছক মোতাবেক) চাহিদা প্রত্যেক ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হয়েছে। এছাড়া সমাজসেবা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম | আলোচনান্তে বয়স্ক ও বিধবা ভাতার অতিরিক্ত বরাদ্দ বিভাজনপত্র তালিকাসহ রেজুলেশন আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জমা প্রদানের জন্য ০৭টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>চেয়ারম্যান, লক্ষণশ্রী ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান তার ইউনিয়নে বয়স্ক/বিধবা ভাতা প্রাপ্তির সংখ্যা অন্যান্য ইউনিয়নের তুলনায় কম। তাছাড়া অনেকেই অনলাইনে বয়স্ক/বিধবা ভাতা পাওয়ার আবেদন করেছেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। | | |
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরে ১৫২টি সমবায় সমিতির মধ্যে ৯৪টি সমবায় সমিতির অডিট সম্পন্ন করা হয়েছে, অবশিষ্ট সমিতিগুলোর অডিট চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে ১৫টি নির্বাচন যোগ্য সমিতির মধ্যে ০৫টি সমিতির নির্বাচন সম্পন্ন হয়েছে। তাছাড়া সমিতির অডিট ফি বাবদ ৪৪,১৫০/-(পঁয়ত্রিশ হাজার সাতশত আশি) টাকা, সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) বাবদ ২৩,৪৭৬/-(এগারো হাজার ছয়শত বিয়াল্লিশ) টাকা আদায় করা হয়েছে। "সমিতি ব্যবস্থাপনা" প্রশিক্ষন কোর্সে একজন প্রশিক্ষণার্থী কুমিল্লা বাংলাদেশ সমবায় একাডেমীতে প্রেরণ করা হয়েছে। এছাড়া সমবায় বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে অবশিষ্ট সমিতিগুলোর অডিট এবং নির্বাচন দ্রুত শেষ করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান চলতি মাসে বিআরডিবির আওতায় ক্ষুদ্র ঋণ বিতরণ হয়েছে ১৯,৫০,০০০/-(উনিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ক্ষুদ্র ঋণ আদায় হয়েছে ৭,৪২,০০০/-(সাত লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা এবং চলতি মাসে এসএমই ঋণ বিতরণ হয়নি, এসএমই ঋণ আদায় হয়েছে ৫,৭১,০০০/-(পাঁচ লক্ষ একাত্তর হাজার) টাকা। এছাড়া পল্লী উন্নয়ন বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৭. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান জননিরাপত্তা ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে জানুয়ারির প্রথম সপ্তাহে জাহাঙ্গীরনগর ইউনিয়নে ১০ দিন মেয়াদি গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ শুরু হবে। সেখানে ৩২ জন পুরুষ ও ৩২ জন মহিলাসহ মোট ৬৪ জন প্রশিক্ষনার্থী প্রশিক্ষণ গ্রহণ করবে। এছাড়া আনসার ও ভিডিপি বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ১৮. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবনের স্থানসহ পরিষদের উত্তর-পূর্ব কোনা বরাবর ০.৩৬ একর জায়গায় মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপিল বিভাগে সিভিল রিভিউ পিটিশন নং ১৮২/২০২৩ দায়েরের প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত মামলাটি সঠিকভাবে পরিচালনা করার | আলোচনান্তে উপজেলা পরিষদের ০.৩৬ একর জায়গায় মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপিল বিভাগে সিভিল রিভিউ পিটিশন নং ১৮২/২০২৩ মামলাটি সঠিকভাবে পরিচালনা করার | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর ও প্রশাসক উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | |
| | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা পরিষদে মাস্টাররোলে দৈনিক হাজিরার ভিত্তিতে কর্মরত একজন অফিস সহায়ক মৃত্যু বরণ করায় তদস্থলে মাস্টাররোলে দৈনিক হাজিরার ভিত্তিতে কাজ করার জন্য এক জন লোক প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে মাস্টাররোলে দৈনিক হাজিরার ভিত্তিতে অফিস সহায়ক পদে কাজ করানোর জন্য একজন লোক নির্বাচনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর ও প্রশাসক উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর। |
| ১৯. | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান ডিসেম্বর/২০২৪ মাসে আপ্যায়ন বাবদ ২৯,৯৪০/- (উনত্রিশ হাজার নয়শত চল্লিশ) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪,৯৩০/- (চার হাজার নয়শত ত্রিশ) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ২,০০০/-(দুই হাজার) টাকা, ৬ই ডিসেম্বর সুনামগঞ্জ মুক্ত দিবস উদযাপন উপলক্ষ্যে ডলুরা শহীদ মুক্তিযোদ্ধা সমাধিতে পুষ্পস্তবক অর্পন ও মিলাদ মাহফিলসহ অন্যান্য ব্যয় বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা এবং উপজেলা পরিষদের উত্তর পাশের বাউন্ডারী ওয়াল মেরামত বাবদ ১৭,৯০০/-(সতেরো হাজার নয়শত) টাকার বিল পরিশোধের আবেদন পাওয়ার যায়। | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর ও প্রশাসক উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২০২৪

অতীশ দর্শী চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০২২-৯৯৬৬০০০৭২
ই-মেইল : unosunamganjsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-২০৫৮(৫০)

তারিখ: ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৬। উপজেলা ........................................ কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

Scanned with OKEN Scanner

৭। চেয়ারম্যান, ....................... ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৮। জনাব/বেগম ............................................ সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। সহকারী প্রোগ্রামার, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। অফিস কপি/মাস্টার ফাইল।

৩০/১১/২৪

অতীশ দর্শী চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

Scanned with OKEN Scanner